# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পানি সম্পদ মন্ত্রণালয়

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকল্প পরিচালক, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প, বাপাউবো

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই, ২০২৪ - ৩০ শে জুন, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩-৪ |
| প্রস্তাবনা | ৫ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ৬ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ৯ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১০ |

# গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বর্ণিত প্রকল্পটি গোপালগঞ্জ জেলার- গোপালগঞ্জ সদর, কোটালীপাড়া ও টুঙ্গিপাড়া উপজেলায়, মাদারীপুর জেলার- রাজৈর উপজেলায় এবং বরিশাল জেলার- আগৈলঝড়া উপজেলায় বিস্তৃত ৫টি উপ-প্রকল্প যথা- ১) তাড়ালই-পাচুরিয়া, ২) সাতলা-বাগদা, ৩) রামশীল-কাফুলাবাড়ী, ৪) রাজৈর-কোটালীপাড়া এবং ৫) বিল কাজুলিয়া এর অবকাঠামোগত উন্নয়ন ও পুনর্বাসনের মাধ্যমে বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য হলো প্রকল্প এলাকার নিস্কাশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিসহ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, পানি ব্যবস্থাপনা কাজে উপকারভোগীদের অংশ গ্রহণ নিশ্চত করা এবং টেকসই রক্ষণাবেক্ষণের জন্য প্রকল্পের অবকাঠামোসমূহের ব্যবস্থাপনার দায়িত্ব পানি ব্যবস্থাপনা সংগঠনের (ডগঙ) নিকট হস্তান্তর করা।গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নির্দেশিত এবং গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া ও কোটালীপাড়া উপজেলা এবং তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনপূর্বক জনসাধারনের আর্থসামাজিক অবস্থার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের অনুদান এবং এডিবি'র ঋণ সহায়তায় "গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালিপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়ন [Implementation of Integrated Water Resources Management for Improvement of Drainage Congestion in Tungipara & Kotalpara upazila under Gopalgonj district] (CRISP-WRM)]" শীর্ষক প্রকল্পটি বিগত ০৫-০৯-২০২৩ খ্রিঃ তারিখে ৮৯৩.৫৫ কোটি টাকা [প্রকল্প সাহায্য ৭৪৫.৩৭৩৯ কোটি টাকা ও জিওবি ১৪৮.১৭৬৬ কোটি টাকা] প্রাক্কলিত ব্যয়ে ১লা জানুয়ারী ২০২৪ খ্রিঃ হতে ৩১ শে ডিসেম্বর ২০২৮ খ্রিঃ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ECNEC কর্তৃক অনুমোদিত হয় এবং ০৯-১১-২০২৩ খ্রিঃ তারিখে ECNEC শাখা হতে প্রকল্প অনুমোদনের আদেশ জারি করা হয় । পরবর্তীতে, ১৯-১১-২০২৩ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রনালয় হতে প্রকল্পটির প্রশাসনিক আদেশ (জিও) জারি করা হয় । বিগত ২০ শে ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ইআরডির সভাপতিত্বে এশীয় উন্নয়ন ব্যাংক এর সাথে বর্ণিত প্রকল্পের Loan Agreement, Project Agreement এবং Loan সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় Document যেমন- PAM, RRP ইত্যাদি বিষয়ে Negotiation সম্পন্ন করে ২০ শে এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখে প্রকল্পের Loan Agreement এবং Project Agreement স্বাক্ষরিত হয়েছে । ২৬ শে মে ২০২৪ খ্রিঃ তারিখে প্রকল্পের ঋণচুক্তি কার্যকর হয়েছে । ফলে প্রকল্পটির কাঙ্খিত লক্ষ্য অর্জন কার্যক্রম চলমান রয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বর্ণিত প্রকল্পটি গোপালগঞ্জ জেলার- গোপালগঞ্জ সদর, কোটালীপাড়া ও টুঙ্গিপাড়া উপজেলায়, মাদারীপুর জেলার- রাজৈর উপজেলায় এবং বরিশাল জেলার- আগৈলঝড়া উপজেলায় বিস্তৃত ৫টি উপ-প্রকল্প যথা- ১) তাড়ালই-পাচুরিয়া, ২) সাতলা-বাগদা, ৩) রামশীল-কাফুলাবাড়ী, ৪) রাজৈর-কোটালীপাড়া এবং ৫) বিল কাজুলিয়া এর অবকাঠামোগত উন্নয়ন ও পুনর্বাসনের মাধ্যমে বাস্তবায়িত হবে। উল্লিখিত প্রকল্প এলাকাসমূহে বছরের অধিকাংশ সময় জলাবদ্ধতা থাকায় সারা বছর কাজ করার সুযোগ পাওয়া যায় না। এই সীমিত সময়কালের মধ্যে টেকসই ভৌতকাজ বাস্তবায়নই প্রকল্পটির প্রধান চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা

প্রকল্পের ২য় পর্যায়ের সাফল্যের ধারাবাহিকতায় দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৩টি জেলা গোপালগঞ্জ, মাদারীপুর ও বরিশাল জেলায় এ প্রকল্পের মাধ্যমে ৫টি উপ-প্রকল্পে পানি ব্যবস্থাপনা সংগঠন গঠন (১৭ টি পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন ও ১৮৪টি পানি ব্যবস্থাপনা দল) ও তাদের দক্ষতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অংশগ্রহনমূলক সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্পটির কনসেপ্ট আরও অধিকতর এলাকায় বিস্তৃত করার জন্য প্রকল্পের ৩য় পর্যায় হিসেবে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া ও কোটালিপাড়ার জলাবদ্ধতা নিরসন প্রকল্প বিবেচনা করা হয়েছে। এছাড়াও প্রকল্পের মাধ্যমে ৫টি উপ-প্রকল্পের পুনর্বাসন সংক্রান্ত ভৌত কাজ বাস্তবায়নের আওতায় ৫ কিঃমিঃ বাঁধপুনরাকৃতিকরণ, ৯.৮৬কিঃমিঃ বাঁধ/ডাইক নির্মাণ, ৫৭২.৪৩ কিঃমিঃ খাল পূনঃখনন, নদী ড্রেজিং ২৩.৬২ কিঃমিঃ, ৭৩ টি রেগুলেটর মেরামত/পূনর্বাসন, ১৬টি রেগুলেটর নির্মাণ, ব্রীজ/ কালভার্ট নির্মাণ ১৩টি, ৭টি সেচ আউটলেট ষ্ট্রাকচার নির্মাণ, ২৫টি সেচ ইনলেট-আউটলেট ষ্ট্রাকচার মেরামত, নদী তীর সংরক্ষণ কাজ ৫.১৮ কিঃমিঃ, ১৭টি WMG ট্রেনিং সেন্টার নির্মাণ , ৩০৮টি আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন করা হবে।

## ২০২৪-২৫ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ০.৮০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ;
- ০.৫০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ;
- ৩০.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প , বাপাউবো

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ......২৫......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## ১.১ সাধারণ কার্যাবলি:

ক) প্রকল্পের মাধ্যমে ৫টি উপ-প্রকল্পের পুনর্বাসন সংক্রান্ত ভৌত কাজ বাস্তবায়ন। পুনর্বাসন কাজের প্রধান অঙ্গগুলো হলো-

১. বাঁধপুনরাকৃতিকরণ
২. বাঁধনির্মাণ
৩. খাল পুনঃখনন
৪. রেগুলেটর / বোটপাস (মেরামত)
৫. রেগুলেটর/ বোটপাস (নতুন)
৬. ব্রীজ/ কালভার্ট নির্মাণ
৭. সেচ ইনলেট-আউটলেট ষ্ট্রাকচার নির্মাণ
৮. সেচ ইনলেট-আউটলেট ষ্ট্রাকচার মেরামত
৯. চেক স্ট্রাকচার নির্মাণ
১০. নদী তীর সংরক্ষণ কাজ
১১. নদী ড্রেজিং
১২. WMG ট্রেনিং সেন্টার নির্মাণ
১৩. আর্সেনিকমুক্ত গভীর নলকূপ স্থাপন

খ) পানি ব্যবস্থাপনা সংগঠন (পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন ও পানি ব্যবস্থাপনা দল) গঠন

গ) প্রশিক্ষণের মাধ্যমে সংগঠন সমূহকে দক্ষ করে গড়ে তোলা

ঘ) সাব-ইউনিট পরিকল্পনা মোতাবেক অংশ গ্রহণমূলক সমন্বিত পানি ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন

ঙ) সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমে সুবিধাভোগীদের অংশগ্রহণ বৃদ্ধি ও আয়-বর্ধনমূলক কার্যক্রম পরিচালনা করা

চ) অবকাঠামো সমূহের টেকসই পরিচালনা ও রক্ষনাবেক্ষণের লক্ষ্যে প্রকল্পের ব্যবস্থাপনা সুবিধাভোগিদের সংগঠন WMA এর হাতে ন্যস্ত করা

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ * | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী)** | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা ব্যবস্থাপনা ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ৬০ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা ব্যবস্থাপনা | [১.১.১] বাঁধ নির্মাণ | সমষ্টি | কিঃমিঃ | ২০ | | | ০.৮০০ | ০.৭২০ | ০.৬৪০ | ০.৫৬০ | ০.৪৮০ | ০.৭০ | ০.২০ |
| | | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | ৪০ | | | ০.৫০০ | ০.৪৫০ | ০.৪০০ | ০.৩৫০ | ০.৩০০ | ০.৫ | ০.২ |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | ৪০ | [২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.১.১] নিষ্কাশন খাল পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৪০ | | | ৩০.০০ | ২৭.০০ | ২৪.০০ | ২১.০০ | ১৮.০০ | ৮০ | ১০০ |

আমি, প্রকল্প পরিচালক, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প , বাপাউবো হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসেবে বাপাউবো'র গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প এর প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

------------------------------------------ 25-06-2024
------------------------------

প্রকল্প পরিচালক,
গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া-কোটালীপাড়া
উপজেলার জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পানি
সম্পদ ব্যাবস্থাপনা বাস্তবায়ন প্রকল্প

তারিখ

------------------------------------------ ২৫-০৬-২৪
------------------------------

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

তারিখ

## সংযোজনী-১ শব্দসংক্ষেপ

### বাংলা

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ওয়ারপো | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা |
| বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| নগই | নদী গবেষনা ইনস্টিটিউট |
| জেআরসি | যৌথ নদী কমিশন |
| বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| পওর বিভাগ/ সার্কেল | পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ/ সার্কেল |

### ইংরেজি

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| MoWR | Ministry of Water Resources |
| BWDB | Bangladesh Water Development Board |
| WARPO | Water Resources Planning Organization |
| DBHWD | Department of Bangladesh Haor and Wetlands Development |
| ADP | Annual Development Program |
| RADP | Revised Annual Development Program |
| BDP২১০০ | Bangladesh Delta Plan ২১০০ |
| SDG | Sustainable Development Goal |
| O&M Division/ Circle | Operation & Maintenance Division/ Circle |
| WD Division | Water Development Division |

## সংযোজনী- ২:

## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] বাঁধের মাধ্যমে বন্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | [১.১.১] বাঁধ নির্মাণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| | [১.২] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.২.১] নদী তীর সংরক্ষণ | ঐ |
| ২ | [২.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [২.১.১] নিষ্কাশন খাল পুনঃখনন | ঐ |